

কুলে কুলে মাস্তানিদের দুর্ব্যবহার বন্ধের আহ্বান

রাজশাহী অফিস ॥ রাজশাহী রক্ষা সংগ্রাম পরিষদের আয়োজক জামাত খান, মোশারফ হোসেন আবুনজী, বাবু, সনিত্তির সাধারণ সম্পাদক এ্যাডভোকেট ইয়াহিয়া, প্রাকৌশলী তাজল, ইসলাম, প্রমুখ শনিবার এক যুক্ত বিবৃতিতে রাজশাহী শহরে সরকারী স্কুলগুলোতে ভর্তি সংক্রান্ত বিষয়ে বহিরাগতদের দুর্ব্যবহার ও হুমকি প্রদানের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেন। বিবৃতিতে তারা বলেন, বেশ কিছুদিন যাবৎ সরকারী স্কুলগুলোতে ভর্তির বিষয়ে জটিলতা সৃষ্টি হয়েছে। রাজশাহী রক্ষা সংগ্রাম পরিষদ শহরে নতুন নতুন স্কুল-কলেজ প্রতিষ্ঠার জন্য বর্তমানে সংগ্রাম করছে। শিক্ষার সূচু পরিবেশ বজায় রাখার মধ্য দিয়ে মানসম্পন্ন শিক্ষা পদ্ধতি চালু করা সম্ভব বলে রক্ষা সংগ্রাম পরিষদ মনে করে। রাজশাহী রক্ষা সংগ্রাম পরিষদ অবিলম্বে কলেজিয়েট স্কুলগত যে সমস্ত স্থানে শূন্য আগুন রয়েছে তা বেধার ভিত্তিতে পূরণ করার দাবী জানান। পাশাপাশি রাজনৈতিক ছত্র-চ্ছায়ায় যেসব বহিরাগত মাস্তান স্কুলগুলোতে দুর্ব্যবহার করছে তাদের বিরুদ্ধে প্রশাসনের সক্রিয় ভূমিকা দাবী করে।